


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০১০.২৪-৪৬১

তারিখঃ ১২/১১/২০২৪খ্রিঃ

বিষয়ঃ চুক্তিনামা মোতাবেক ০৬ মাসের বেতন-ভাতার সমপরিমাণ অর্থ পরিশোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠ সংগঠক পদে আপনি বিগত ০৪/০৮/২০২৪ তারিখে যোগদান করেন এবং ০৬/১০/২০২৪ তারিখে চাকুরী হতে অব্যাহতি গ্রহণের জন্য আবেদন দাখিল করেন। উল্লেখ্য, ০১(এক) বছর পূর্তির পূর্বে চাকুরী হতে পদত্যাগ করলে বা বিনা নোটিশে অনুপস্থিত থেকে চাকুরি ত্যাগ করলে কর্মসূচির কর্মী উন্নয়ন ও প্রশিক্ষণ ব্যয়সহ বেতনভাতার অর্থ বাবদ মোট ০৬ (ছয়) মাসের বেতনভাতা সমপরিমাণ অর্থ পরিশোধের শর্তে চুক্তিবদ্ধ হয়েছেন। যেহেতু আপনি ১ বছরের পূর্বে চাকুরী হতে স্বেচ্ছায় অব্যাহতির আবেদন করেছেন তাই আপনার সাথে সম্পাদিত চুক্তিনামা অনুযায়ী ০৬ মাসের বেতন ভাতাদির সমপরিমাণ অর্থ ১,০০,২০০.০০ (এক লক্ষ দুইশত) টাকা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কর্মসূচি'র শিরোনামে পে-অর্ডার আকারে কর্মসূচি'র সদর দপ্তরে জমা প্রদান করতে হবে। অন্যথায় আপনার বিরুদ্ধে বর্ণিত অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব তনুশ্রী বাউড়
পিতার নাম: মৃত পরিমল বাউড়
গ্রাম: বাউড় বাড়ী সোনাহার, ডাকঘর: খলিসাকোটা,
উপজেলা: বানারীপাড়া, জেলা: বরিশাল।

সদয় অবগতির জন্যঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: বাবুগঞ্জ, জেলা: বরিশাল।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।